সরকারের উন্নয়ন চিত্র তুলে ধরতে তৃণমূলে ইমনের বুকলেট বিতরণ অব্যহত

বর্তমান সরকারের উন্নয়ন মূলক চিত্র তুলে ধরতে মেহেরপুরের বিভিন্ন গ্রামে গ্রামে তরুণ রাজনীতিবীদ এম এ এস ইমনের বুকলেট বিতরণ অব্যহত রয়েছে।

তারই অংশ হিসেবে গতকাল বুধবার বিকালে মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামে তরুন রাজনীতিবীদ এম এ এস ইমনের উদ্যোগে বিভিন্ন শ্রেণী পেশার মানুষের মাঝে সরকারের উন্নয়ন চিত্র সম্বলিত বুকলেট বিতরণ করা হয়েছে।

মেহেরপুর পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি বেলাল হোসেনের নেতৃত্বে এম এ এস ইমনের অনুসারীরা শ্যামপুর ইউনিয়নের মদনাডাঙ্গা, গোপালপুর, বেলতলাপাড়া, শ্যামপুর, পুরাতন মদনাডাঙ্গা গ্রামে এ বুকলেট বিতরণ করেন।

বুকলেট বিতরণ ও গণসংযোগকালে শিশির অরুপ, মেহেরপুর জেলা যুবলীগ শাখার আহ্বায়ক কমিটির সদস্য প্রভাষক মোঃ সাজ্জাদ হোসেন, জেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন ও প্রস্তুতি কমিটির সদস্য মোস্তাফিজুর রহমান চন্দন, আব্দুর রাজ্জাক, ফারুক হোসেন, সানা, ডন, আবুল হোসেন, ফারুক শেখ, ছাত্রলীগ নেতা ইব্রাহীম ইবু সহ অন্যান্য নেতাকর্মীরা অংশগ্রহন করেন।

আওয়ামী লীগ নেতা বেলাল হোসেন বলেন, আওয়ামী লীগ সরকারের বিভিন্ন উন্নয়নমূলক চিত্রের পাশাপাশি বিএনপির সরকারের উন্নয়নের তুলনা করে এ বুকলেট তৈরি করা হয়েছে। যাতে করে সাধারণ মানুষ আওয়ামী লীগ সরকারের উন্নয়ন চিত্র সম্পর্কে ধারণা পায়। এবং একই সঙ্গে পুনরায় আওয়ামী লীগ সরকারকে ভোট দিয়ে ক্ষমতায় নিয়ে আসে। এ বুকলেট ভালোভাবে পড়লেই সাধারণ মানুষ আওয়ামী লীগ সরকারের প্রতি বিশ্বাস ও আস্থা রাখতে পারবে।

স্বেচ্ছাসেবক লীগ নেতা মোস্তাফিজুর রহমান চন্দন বলেন, শেখ হাসিনার সরকারের সাফল্যগুলো প্রতিদিনই আমরা মেহেরপুরের বিভিন্ন গ্রামে সাবেক ছাত্রনেতা এম এ এস ইমনের তৈরি করা এই বুকলেটগুলো

বিতরণ করছি। আমরা এই বুকলেচগুলো গ্রামের সাধারণ মানুষের কাছে তুলে ধরছি আগামী জাতীয় নির্বাচনে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে আমরা প্রচার কাজ চালিয়ে যাচ্ছি। বিরোধী শক্তি যাতে মাথাচাড়া দিয়ে উঠতে না পারে সে লক্ষ্যে আমরা প্রতিনিয়ত বুকলেট বিতরণ ও প্রচার কাজ চালিয়ে যাচ্ছি।

আওয়ামী লীগ নেতা এস এম ফরিদ উদ্দীন বলেন, গত ১৪ বছরে বর্তমান সরকার বাংলাদেশে অনেক বড় বড় উন্নয়নমূলক কাজ করেছে। সে উন্নয়ন মূলক কাজগুলো বিস্তারিত ভাবে এ বুকলেটে তুলে ধরা হয়েছে। শেখ হাসিনা সরকার বয়স্কভাতা, বিধবা ভাতা, মুক্তিযোদ্ধা ভাতা বাড়িয়েছেন এই সরকার।

প্রসঙ্গত, ইতোমধ্যে এম এ এস ইমনের উদ্যোগে মেহেরপুর শহর, মুজিবনগর উপজেলার মোনাখালী, দারিয়াপুর, বাগোয়ান, মহাজনপুর ও মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর, বুড়িপোতা, আমদহ, আমঝুপিসহ বিভিন্ন গ্রামে বুকলেট বিতরণ করা হয়েছে।

মেহেরপুরে ‘রেডিও পায়রা’ আয়োজিত উপস্থিত বক্তৃতা ও কুইজ প্রতিযোগীতা

মেহেরপুরে শিক্ষার্থীদের মাঝে জেলর ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি ও মুক্তিযুদ্ধের কথা তুলে ধরতে উপস্থিত বক্তৃতা ও কুইজ প্রতিযোগীতার আয়োজন করা হয়।

গতকাল বুধবার সকালে মেহেরপুর সদর উপজেলার শালিকা মাধ্যমিক বিদ্যালয়ে আনিশা গ্রুপের সার্বিক সহযোগীতায় ‘রেডিও পায়রা’ এ অনুষ্ঠানের আয়োজন করে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আব্দুল আওয়ালের সভাপতিত্বে মূল আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিদ্যালয়

ব্যবস্থাপনা কমিটির সভাপতি মো. আবুল হাসেম, সহকারী শিক্ষক মো. মাসুদ রানা, মো. হাবিবুর রহমান, মাহবুবুল হক, শাহিন আলম, রেডিও পায়রার প্রধান নির্বাহী কর্মকর্তা সাজিদ আহমেদ। উপস্থিত বক্তৃতার শেষে বিজয়ী তিনজন শিক্ষার্থীর মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

উপস্থিত বক্তৃতায় বিভিন্ন শ্রেণীর ৭জন শিক্ষার্থী মেহেরপুরের ইতিহাস, ঐতিহ্য নিয়ে তাদের বক্তব্য প্রদান করে। এতে প্রথম স্থান অর্জন করে দশম শ্রেণীর ফারজানা আক্তার মারিয়া, ২য় স্থান অর্জন করে দশম শ্রেণীর সাব্বির আহমেদ রাব্বি, ৩য় স্থান অর্জন করে ৭ম শ্রেণীর ফাবিহা মুস্তারী মোহনা।

অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে প্রধান শিক্ষক মো. আব্দুল আওয়াল রেডিও পায়রাকে এমন সুন্দর আয়োজন করার জন্য ধন্যবাদ জানান। আবারো এমন আয়োজন করার জন্য রেডিও পায়রার চেয়ারম্যান এম এ এস ইমনের প্রতি উদ্দাত্ত আহবান জানান এবং তার সার্বিক মঙ্গল কামনা করেন।

মুজিবনগরে গুণগত শিক্ষার উপর সেমিনার অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে গুণগত শিক্ষার উপর সেমিনার -২০২৩ অনুষ্ঠিত হয়েছে। বুধবার দুপুরে গুড নেইবারস বাংলাদেশ মেহেরপুর কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট এর আয়োজনে মুজিবনগর উপজেলা অডিটরিয়ামে এই সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে গুডনেইবারর্স এর প্রজেক্ট ম্যানেজার বিভব দেওয়ান এর সভাপতি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

বিশেষ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজের অবসরপ্রাপ্ত অধ্যাপক বাকের আলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এ কে এম মামুনুর রশিদ, উপজেলা

সুপারভাইজার হাসনাইন করিম।

সেমিনারের উদ্দেশ্য ছিল, গুণগত শিক্ষার প্রতিবন্ধকতা খুঁজে বের করা। একটি শক্তিশালী নেটওয়ার্ক তৈরি করা। স্টেকহোল্ডারদের সাথে সম্পর্ক জোরদার করা। শিশুদের জন্য মানসম্মত শিক্ষা প্রদানের উপায় নির্ধারণ।মানসম্মত শিক্ষার জন্য গৃহিত উদ্যোগ স্থায়ীকরণের উপায় বের করা।

সেমিনারে আমন্ত্রিত অতিথিগণ সেমিনারে অংশগ্রহণকারী উপজেলার ২১ টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক, ইংরেজি শিক্ষক ও এসএমসি সদস্যর মাঝে মানসম্মত শিক্ষার জন্য ভাষা শিক্ষার গুরুত্ব। প্রেরণামূলক / স্ব-প্রণোদিত শিক্ষার গুরুত্ব । মানসম্মত শিক্ষা ও এসডিজি-৪ বিষয়ে আলোচনা তুলে ধরেন।

গুডনেইবার্স এর সিনিয়র প্রোগ্রাম অফিসার এস এম রিফাত আল মাহমুদ এর সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন গুডনেইবারর্স এর এডমিন অফিসার অশোক মালাকার সহ গুডনেইবারর্স কর্মকর্তা কর্মচারীবৃন্দ।

মুুজিবনগরে স্কাউটিং জনকের জন্মবার্ষিকী ও বিপি দিবস পালন

মেহেরপুরের মুুজিবনগর উপজেলায় স্কাউটিংয়ের জনক “রবার্ট স্টীফেনশন স্মিথ লড ব্যাডেন পাওয়েল অব গিল ওয়েল”সংক্ষেপে বিপি এর ১৬৬তম জন্মবার্ষিকী ও বিপি দিবস পালন করা হয়েছে।

বাংলাদেশ স্কাউট, মুুজিবনগর উপজেলা শাখার আয়োজনে, আজ বুধবার সকাল সাড়ে ১০ টার সময় মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স এর মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে উক্ত অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উপজেলা স্কাউট এর সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসের সভাপতিত্বে, অনুষ্ঠানে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুনুর রশিদ, শিক্ষা অফিসার আলাউদ্দিন, উপজেলা স্কাউট লিডার শাহিনুজ্জামান, স্কাউট কমিশনার রুৎ ছবি বিশ্বাস, স্কাউট সম্পাদক

মোবারক হোসেন, কাব লিডার ফারুক হোসেন ও মুুজিবনগর মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক গোলাম ফারুক সহ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক -শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন।

এর আগে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও স্কাউট সভাপতি অনিমেষ বিশ্বাসের নেতৃত্বে একটি র্যালী স্কুল চত্বর প্রদিক্ষন করেন।

মেহেরপুরে স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষক জোটের মানববন্ধন

মেহেরপুরে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত সকল স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা প্রাইমারীর ন্যায় জাতীয়করণ ঘোষণার দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

পরে তারা জেলা প্রশাসক কাছে স্মারকলিপি দিয়েছে।

আজ বুধবার (২২ শে ফেব্রুয়ারি) বেলা ১২ টা সময় মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় সামনে মানববন্ধন অনুষ্ঠিত হয়।

স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষক ঐক্য জোটের জেলা সভাপতি মোঃ আখতারুজ্জামান এর সভাপতিত্ব উপস্থিত ছিলেন জেলা শাখার সাধারণ সম্পাদক রিক্তা বানু সহ-সভাপতি মো আহসান হাবীব মোছা নুরুন্নাহার বেগম মোঃ শাহা জামান মাওলানা আব্দুল মাবুদ মো সাহা জামাল মোহাম্মদ রুহুল আমিন মাওলানা ও আবু ইব্রাহিম মোঃ মনোয়ার হোসেন মোছাজীবন নাহার মো: মাহমুদুল হাসান মোঃ হাবিবুর রহমান মাওলানা মো: শাকিবুজামান এবং মোঃ নাহারুল ইসলাম সহ সংগঠনের নেতৃবৃন্দ।

মুজিবনগর উপজেলায় দুই প্রতিষ্ঠানকে ৮ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের মুজিবনগর উপজেলা আনন্দবাস গ্রামে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে দুই প্রতিষ্ঠানকে ৮ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ বুধবার ২২শে ফেব্রুয়ারী সকালের দিকে মেহেরপুর জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ এ অভিযান পরিচালনা করে।

অভিযানে মুদিখানা, ফার্মেসি, হোটেল, সার-কীটনাশকসহ বেশকিছু নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়।

এসময় আনন্দবাস বাজারে মেসার্স জিল্লুর স্টোর নামক প্রতিষ্ঠানে তদারকিতে মূল্যতালিকা যথাযথভাবে প্রদর্শন না করা, অস্বাস্থ্যকরভাবে খাদ্যপণ্য সংরক্ষণ ও শিশুদের নিম্নমানের খাদ্যপণ্য বিক্রয়ের অপরাধে প্রতিষ্ঠানটিকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪৩ ও ৪৫ ধারায় ৩,০০০/- টাকা জরিমানা করা হয়।

অপর একটি প্রতিষ্ঠান মেসার্স বাসার মিষ্টান্ন ভাণ্ডারকে পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য ফ্রিজে রেখে বিক্রয়ের অপরাধে ৩৮ ও ৫১ ধারায় ৫,০০০/- টাকা জরিমানা করা হয়।

এসময় জব্দকৃত মেয়াদ উত্তীর্ণ ও খারাপ পণ্যগুলো জনসম্মুখে নষ্ট করা হয় এবং ব্যবসায়ী ও জনসাধারণের মাঝে সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ বলেন,বেশকিছু নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়। এসময় দুই প্রতিষ্ঠানের পণ্যের মুল্যতালিকা ও নিম্নমানের খাদ্যপণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা করা হয় এবং জনস্বার্থে এ অভিযান অব্যাহত

থাকবে।

এসময় উপস্থিত ছিলেন জেলা কৃষি বিপণন কর্মকর্তা ও জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) মোঃ তারিকুল ইসলাম ও এবং মেহেরপুর পুলিশ লাইনের একটি টিম।

শহীদ দিবস ও মাতৃভাষা দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান এর আয়োজন করা হয়। মঙ্গলবার সন্ধ্যার সময় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী প্রাঙ্গনে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস২০২৩ উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর সভাপতি ড. মোহাম্মদ মুনসুর আলম খান, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ মেহেরপুরের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক মোঃ সাইদুর রহমান।

এ সময় সংগীত পরিবেশনা করেন আব্দুল্লাহ আল মামুন রাসেল, ফৌজিয়া আফরোজ তুলি, সুমনা রহমান, কবিতা আবৃত্তি করেন রাইসা।

আমঝুপি মাধ্যমিক বালিকা

বিদ্যালয়ে ২১শে ফেব্রুয়ারি উদযাপন

আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের উদ্যোগে ২১শে ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত হয়েছে।

মঙ্গলবার সকাল ৬ টা ৪৫ মিনিটে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের সূচনা করেন প্রধান শিক্ষক রুহুল আমিন।

এ পরে আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের শিক্ষক ও ছাত্রীরা র্যালি বের করে ও শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করে।

এসময় উপস্থিত ছিলেন সহকারী প্রধান শিক্ষক হাফিজুজামান, সহকারী শিক্ষক হাবিবুর রহমান, রকিবুল ইসলাম, আলহাজ, আশাদুল হক, বশির আহম্মেদ, আবুল হাসান, শরিফ উদ্দিন, রাফিউল ইসলাম, ফারাহ হোসেন লিটন প্রমুখ।

মেহেরপুরের ঝাঁঝা সীমান্তে ১৮ লাখ টাকাসহ আটক ১

মেহেরপুরের ঝাঁঝা সীমান্তে ১৮ লাখ টাকাসহ মোঃ ইমাত উল্লাহ নামের এক চোরাকারবারীকে আটক করেছে বিজিবি।

মঙ্গলবার দুপুরে ঝাঁঝা সীমান্ত এলাকা থেকে ইমাত উল্লাকে আটক করা হয়। আটক ইমাত উল্লাহ মেহেরপুর সদর উপজেলার গোভীপুর গ্রামের হাফিজ উদ্দিনের ছেলে।

জানা গেছে ঝাঁঝা বিওপির কমান্ডার নায়েব সুবেদার কাজী আজাদের নেতৃত্বে বিজিবি’র একটি টহল দল টহল থাকাকালীন সময় ঝাঁঝা সীমান্তের ১২২ নম্বর পিলারে ২০ গজ দূরে ইমাত উল্লাহকে আটক করে। এসময় তার কাছে থাকা একটি প্লাস্টিকের বস্তা তল্লাশি করে

বাংলাদেশী ১৮ লক্ষ টাকা উদ্ধার করে।

ঝাঁঝা বিওপি’র কমান্ডার নায়েব সুবেদার কাজী আজাদ জানান, গোপন সংবাদের ভিত্তিতে খবর পেয়ে ঝাঁঝা বিওপি’র একটি বিশেষ দল অভিযান চালিয়ে তাকে আটক করে।

এসময় তার নিকট থেকে একটি প্লাস্টিকের বস্তার ভিতরে থাকা নগদ ১৮ লাখ টাকা উদ্ধার করা হয়। এ ঘটনায় মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

বুড়িপোতা ইউনিয়নের বিভিন্ন গ্রামে এম এ এস ইমনের উদ্যোগে বুকলেট বিতরণ

মেহেরপুর জেলার বুড়িপোতা ইউনিয়নের বিভিন্ন গ্রামে তরুন রাজনীতিবীদ এম এ এস ইমনের উদ্যোগে বিভিন্ন শ্রেণী পেশার মানুষের মাঝে সরকারের উন্নয়ন চিত্র সম্বলিত বুকলেট বিতরণ করা হয়|

আজ মঙ্গলবার ২১শে ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা রেখে এম এ এস ইমনের অনুসারীরা বুড়িপোতা ইউনিয়নের গোভীপুর, কামদেবপুর, ঝাঁঝাঁ, ইচাখালী, হরিরামপুর, বাড়িবাঁকা, শালিকা, যাদবপুর গ্রামে এ বুকলেট বিতরণ করেন। মেহেরপুর পৌর আওয়ামীলীগের সহ-সভাপতি বেলাল হোসেন এতে নেতৃত্ব দেন।

বুকলেট বিতরণ ও গণসংযোগকালে শিশির অরুপ, মেহেরপুর জেলা যুবলীগ শাখার আহ্বায়ক কমিটির সদস্য প্রভাষক মোঃ সাজ্জাদ হোসেন, জেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন ও প্রস্তুতি কমিটির সদস্য মোস্তাফিজুর রহমান চন্দন, আব্দুর রাজ্জাক, ফারুক হোসেন, সানা, ডন, আবুল হোসেন, ফারুক শেখ, ছাত্রলীগ নেতা ইব্রাহীম ইবু সহ অন্যান্য নেতাকর্মীরা অংশগ্রহন করেন।

আওয়ামী লীগ নেতা বেলাল হোসেন বলেন, আওয়ামী লীগ সরকারের বিভিন্ন

উন্নয়নমূলক চিত্রের পাশাপাশি বিএনপির সরকারের উন্নয়নের তুলনা করে এ বুকলেট তৈরি করা হয়েছে। যাতে করে সাধারণ মানুষ আওয়ামী লীগ সরকারের উন্নয়ন চিত্র সম্পর্কে ধারণা পায়। এবং একই সঙ্গে পুনরায় আওয়ামী লীগ সরকারকে ভোট দিয়ে ক্ষমতায় নিয়ে আসে। এ বুকলেট ভালোভাবে পড়লেই সাধারণ মানুষ আওয়ামী লীগ সরকারের প্রতি বিশ্বাস ও আস্থা রাখতে পারবে।

প্রসঙ্গত, ইতোমধ্যে এম এ এস ইমনের উদ্যোগে মুজিবনগর উপজেলার মোনাখালী, দারিয়াপুর, বাগোয়ান, মহাজনপুর ও মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর, বুড়িপোতা, আমদহ, আমঝুপিসহ বিভিন্ন গ্রামে একই কর্মসূচীর মাধ্যমে বুকলেট বিতরণ করা হয়।